'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

## জুন/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৩৭ তম সভা)

সভাপতি ঃ জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় ঃ ১৬/০৬/২০২২, বেলা- ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। এতে নিম্নরূপ সংশোধনীসহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সংশোধনী- (১) উপজেলা প্রকৌশলী, দিরাই বলেন- বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র প্রকল্প বাছাই কমিটির ক্রমিক নং- ২৬ এ গৃহীত প্রকল্পটি হচ্ছে "রাজানগর ইউনিয়নের সিরিয়ারচর গ্রামের শীবতলা গাছের বাউন্ডারি ওয়াল, গেইট এবং পাকা ঘাট নির্মাণ" নামে লিখা হয়েছে। প্রকল্পটির বরাদ্দ ৩.৩০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন পদ্ধতি হচ্ছে পিআইসি। প্রকল্প দুইটি বিগত- ০৭/০৪/২০২২ তারিখের সাধারণ সভায় সংশোধনক্রমে (ক) সিরারচর কুরের ঘাট নির্মাণ এবং (খ) সিরারচর মহাদেব বাড়ির বাউন্ডারি ওয়াল ও গেইট নির্মাণ করা হয়। কিন্তু আগাম বন্যার কারণে প্রকল্প এলাকা পানিতে ডুবে যাওয়ার জন্য তা বাস্তবায়ন করা সম্ভব নয় মর্মে সভাকে অবহিত করেন। উক্ত প্রকল্প দুটি পরিবর্তন করে স্থানীয় চাহিদার ভিত্তিতে এবং প্রয়োজনীয়তার আলোকে পুন:রায় সংশোধন করত: (ক) নারীদের স্বাবলম্বী করার লক্ষ্যে সেলাই মেশিন বিতরণ, বরাদ্দ- ২.০০ লক্ষ টাকা এবং (খ) আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে নারীদের সেলাই মেশিন বিতরণ, বরাদ্দ-১.৩০ লক্ষ টাকা করার জন্য সভায় অনুরোধ জানান। সেই সাথে তিনি আরও বলেন উক্ত প্রকল্প দুটি বাস্তবায়নের পদ্ধতি এবং বরাদ্দ অপরিবর্তিত রেখে শুধুমাত্র নাম সংশোধনের জন্য অনুরোধ জানানো হয়। তিনি সভার দৃষ্টিআকর্ষণ করে আরও জানান উপজেলা পরিষদের আভ্যন্তরিন রাস্তা মেরামত কাজটি উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন নির্মাণের কাজ চলমান থাকায় উপজেলা পরিষদের প্রধান গেইট হতে মসজিদ পর্যন্ত রাস্তাটি মেরামত করা সম্ভব হচ্ছে না। এর পরিবর্তে উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরের বিভিন্ন রাস্তা মেরামত করার জন্য সভায় অনুরোধ জানান। উপরোক্ত সংশোধনী প্রকল্প জনস্বার্থে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের প্রস্তাব/সুপারিশ করা হয়; উপরোক্ত সংশোধনী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>বিষয়</th><th>আলেচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>(১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিগত সভার কার্যবিবরণীর উপরোক্ত সংশোধনী সহ তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>(২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ঃ</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত মে/২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ :
<table>
<tr><th colspan="3">আয়</th><th colspan="3">ব্যয়</th></tr>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>পূর্ববর্তী মাসের জের</td><td>২৯,৭২,৯৭৭/৫৬</td><td>১</td><td>উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের মার্চ/২০২২ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান</td><td>১,৭৫২/-</td></tr>
<tr><td>২</td><td>ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য</td><td>৫৯,৩৫০/-</td><td>২</td><td>উপজেলা পরিষদের গাড়িচালকের মার্চ/২০২২ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান</td><td>১,৪৪৭/-</td></tr>
<tr><td>৩</td><td>সাব-রেজিষ্ট্রার হতে ১%</td><td>২,৩৫,৩৫৩/৮৫</td><td>৩</td><td>ডরমিটরী ভবনের সিলিং ফ্যান মেরামত কাজের বিল প্রদান</td><td>১,২০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৪</td><td>জনাব মোঃ আনোয়ার হোসেন, পিতা- আজিজুর রহমান, সাং- দোওজ'কে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত হওয়ায় আর্থিক অনুদান প্রদান</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৫</td><td>জনাব মোঃ মতিউর রহমান, পিতা- তেরাব</td><td>৫,০০০/-</td></tr>
</table></td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | উল্লাহ, সাং- দোওজ'কে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত হওয়ায় আর্থিক অনুদান প্রদান | |
| | | | ৬ | জনাব মোঃ হাবিবুর রহমান, পিতা- জেবার উল্লাহ, সাং- দোওজ'কে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত হওয়ায় আর্থিক অনুদান প্রদান | ৫,০০০/- |
| | | | ৭ | জনাব রেহেনা বেগম, পিতা- সাব্বর উল্লাহ, সাং- দোওজ'কে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত হওয়ায় আর্থিক অনুদান প্রদান | ৫,০০০/- |
| মে/২২ মাসের আয়- | | ২,৯৪,৭০৩/৮৫ | মে/২২ মাসের মোট ব্যয়- | | ২৪,৩৯৯/- |
| সর্বমোট আয়- | | ৩২,৬৭,৬৮১/৪১ | সর্বমোট ব্যয়- | | ২৪,৩৯৯/- |
| সমাপনী স্থিতি= ৩২,৪৩,২৮২/৪১ | | | | | |

| | | |
|---|---|---|
| | উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদের বিগত মে/২০২২ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দিরাই, তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ পরবর্তী সভায় তিনি উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জানান চলতি মৌসুমে বন্যায় দিরাই উপজেলার বিভিন্ন ইউনিয়নের মৎস্য খামাড়িদের পুকুরের পাড় ডুবে পানি প্রবাহিত হয়ে পুকুরের বিভিন্ন ক্ষয়ক্ষতি হয়েছে। তাই ক্ষতিগ্রস্ত খামাড়িদের তালিকা প্রস্তুতের কাজ চলছে। দেশি মাছের পোনা নিধনের সকলকে সার্বিক সহযোগিতা করার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। পরবর্তী সভায় দাপ্তরিক কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রমের কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |
| প্রকল্প বাস্ত বায়ন বিভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। পরবর্তী সভায় দাপ্তরিক কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রমের কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। পরবর্তী সভায় দাপ্তরিক কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রমের কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই |



CamScanner

| | | |
|---|---|---|
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তার পরিবার পরিকল্পনা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে জন্য অনুরোধ জানানো হয়।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে কোন আলোচনা করা গেল না। বিভাগীয় কার্যক্রমের প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানান। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দিরাই |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই এর প্রতিনিধি সভায় তাঁর দপ্তর সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার. দিরাই |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই সভায় তাঁর দপ্তর সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, দিরাই |
| বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) দিরাই |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br><br>সিদ্ধান্ত ঃ বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| পল্লী সঞ্চয় ব্যাংক | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই সভায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন তাঁর অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাইকে অনুরোধ জানানো হয়। | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই |



CamScanner

<table>
<tr><td>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড</td><td>উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়।</td><td>উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই</td></tr>
<tr><td>কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান উজান থেকে আসা পাহাড়ি ঢল এবং অতিবৃষ্টির কারনে সৃষ্ট আগাম বন্যার দরুন অত্র উপজেলার ক্ষতিগ্রস্ত কৃষকের তালিকা করা হচ্ছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা কৃষি অফিসার,দিরাই।</td></tr>
<tr><td>তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)</td><td>(ক) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই সভায় তার তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির তথ্য উপস্থাপন করেন।<br>
<table>
<tr><td>ক্রং নং</td><td>কার্যক্রম</td><td>লক্ষমাত্রা (প্রতিমাসে)</td><td>অর্জিত লক্ষ্যমাত্রা</td><td>মন্তব্য<br>কার্যক্রম চলমান</td></tr>
<tr><td>০১.</td><td>তথ্যকেন্দ্র ডোর টু ডোর এবং উঠান বৈঠক</td><td>২০,০০০ জন</td><td>২০,৯৪০ জন</td><td>কার্যক্রম চলমান</td></tr>
<tr><td colspan="5">প্রাথমিক স্বাস্থ্য সেবার ধরণ ঃ</td></tr>
<tr><td>ক্রং নং</td><td colspan="2">স্বাস্থ্য সেবার প্রকারভেদ</td><td colspan="2">মন্তব্য</td></tr>
<tr><td>০১.</td><td colspan="2">রক্তচাপ পরিমাপ</td><td colspan="2" rowspan="6">প্রত্যেকটি যন্ত্রের একটি করে সেট থাকায় অনেক সময় তথ্যকেন্দ্রের পাশাপাশি ডোর টু ডোর স্বাস্থ্য সেবা প্রদান করার ব্যঘাত ঘটে।</td></tr>
<tr><td>০২.</td><td colspan="2">রক্তে গ্লুকোজের পরিমাপ</td></tr>
<tr><td>০৩.</td><td colspan="2">রক্তে অক্সিজেনের পরিমাপ</td></tr>
<tr><td>০৪.</td><td colspan="2">শরীরের তাপমাত্রা পরিমাপ</td></tr>
<tr><td>০৫.</td><td colspan="2">উচ্চতা পরিমাপ</td></tr>
<tr><td>০৬.</td><td colspan="2">ওজন পরিমাপ</td></tr>
<tr><td colspan="5">অন্যান্য সেবা সমূহ :</td></tr>
<tr><td>০১.</td><td colspan="4">ইন্টারনেটের মাধ্যমে মহিলাদের সকল প্রকার সেবা প্রদান যেমন- ইন্টারনেট ব্রাউজিং, ই-মেইল, স্কাইপের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং, বিভিন্ন পরীক্ষার ফলাফল, চাকরির খবর, চাকরির আবেদন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন ইত্যাদি অনলাইন সেবাসমূহ।</td></tr>
<tr><td>০২.</td><td colspan="4">শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার ও কৃষি বিষয়ক সেবা প্রদান।</td></tr>
<tr><td>০৩.</td><td colspan="4">গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের উপজেলার বিভিন্ন দপ্তর সমূহের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা।</td></tr>
</table>
<br><u>সিদ্ধান্ত</u> ঃ তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির কর্মপরিধি বৃদ্ধি করার জন্যঅনুরোধ করা হয়।</td><td>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই</td></tr>
<tr><td>(৫) বিবিধ ঃ</td><td>(ক) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান বন্যার প্রাদুর্ভাব আবারও শুরু হচ্ছে। তাই বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে রাজস্ব তহবিল (অপ্রত্যাশিত খাত) হতে ত্রাণ বিতরণ করার জন্য সভায় উপস্থাপন করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনার পর বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই</td></tr>
<tr><td></td><td>(খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান উপজেলা পরিষদের আভ্যন্তরিণ বর্জ্য অপসারন কাজে জুলাই/২০২১ হতে জুন/২০২২ পর্যন্ত ১২(বার) মাসে সর্বমোট- ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত</u> ঃ উপজেলা পরিষদের আভ্যন্তরিণ বর্জ্য অপসারন কাজে জুলাই/২০২১ হতে জুন/২০২২ পর্যন্ত ১২(বার) মাসে ব্যয়িত সর্বমোট- ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td></td><td>(গ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান উপজেলা পরিষদে ১৭টি কমিটির সভাপতিত্বয়ের নিকট হতে জুলাই/ ২০২১ হতে জুন/২০২২ পর্যন্ত ১২(বার) মাসের আপ্যায়ন বিল বাবদ- (৪৮,০০০+৪৮,০০০)= ৯৬,০০০/- (ছিয়ানব্বই হাজার) টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য অনুরোধ জানানো হয়। বিষয়টি নিয়ে সভায়</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী</td></tr>
</table>



CamScanner

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

| | | |
|---|---|---|
| | বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদে ১৭টি কমিটির সভাপতিত্বয় কর্তৃক দাখিলকৃত জুলাই/ ২০২১ হতে জুন/২০২২ পর্যন্ত ১২(বার) মাসের আপ্যায়ন বিল বাবদ- (৪৮,০০০+৪৮,০০০)= ৯৬,০০০/- (ছিয়ানব্বই হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোদের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঘ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান জুলাই/ ২০২১ হতে জুন/২০২২ পর্যন্ত ১২(বার) মাসের উপজেলা পরিষদের মালিকানাধীন পানির পাম্পের বকেয়া বিদ্যুৎ বিল, উপজেলা পরিষদের গণমিলনায়তনের বিদ্যুৎ বিল এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসের বিদ্যুৎ বিল বাবদ সর্বমোট- ১,৭৯,৪৫৩/- (এক লক্ষ উনআশি হাজার চারশত তিপ্পান্ন) টাকার বিল পাওয়া গেছে। প্রাপ্ত বিল সমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের নিকট প্রাপ্ত সমূদয় বকেয়া বিদ্যুৎ বিল (জুলাই/ ২০২১ হতে জুন/২০২২) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঙ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত মডেম এর বিল জুলাই/২০২১ হতে জুন/২০২২ পুর্যন্ত ১২(বার) মাসের বকেয়া মডেম বিল বাবদ সর্বমোট- ১২,০০০/- (বার হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত মডেম এর বিল জুলাই/২০২১ হতে জুন/২০২২ পুর্যন্ত ১২(বার) মাসের বকেয়া মডেম বিল বাবদ সর্বমোট- ১২,০০০/- (বার হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ছ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান চলতি অর্থ বছরে জুলাই/২০২১ হতে জুন/২০২২ সময়ে পরিষদের ০২জন কর্মচারীর ভবিষ্য তহবিলে জমাকৃত চাঁদার উপর সরকার নির্ধারিত হারে সুদ বা ইনক্রিমেন্ট প্রদানের জন্য উপজেলা পরিষদ কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১০ এর বিধি ৪৯(২) মোতাবেক (৩৯,১৮২+৫,০৮১)= ৪৪,২৬৩/- (চুয়াল্লিশ হাজার দুইশত তেষট্টি) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য হিসাব বিবরণী সভায় উপস্থাপন করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদ কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১০ এর বিধি ৪৯(২) মোতাবেক পরিষদের ০২জন কর্মচারীর সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ও গাড়ি চালকের ভবিষ্য তহবিলে জমাকৃত চাঁদার উপর সরকার নির্ধারিত হারে সুদ বা ইনক্রিমেন্ট বাবদ- ৪৪,২৬৩/- (চুয়াল্লিশ হাজার দুইশত তেষট্টি) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (চ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের মে/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ০২(দুই) মাসের ভ্রমন বিল বাবদ- ১০,৬২৫/- (দশ হাজার ছয়শত পচিশ) টাকার বিল দাখিল করেছেন। ভাইস চেয়ারম্যান মহোদয়ের মে/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ০২(দুই) মাসের ভ্রমন বিল বাবদ- ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকার বিল দাখিল করেছেন এবং মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের মে/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ০২(দুই) মাসের ভ্রমন বিল বাবদ- ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) দাখিলকৃত ভ্রমন বিল সমূহ সভায় অনুমোদক্রমে রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনার পর দাখিলকৃত ভ্রমণবিল সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।



CamScanner

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

তারিখ ঃ ১৬/০৬/২০২২খ্রিঃ।

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-২০(৫০)

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৮। উপজেলা ------------------------------------------------------------ অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান---------------------------------------------------------- ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

২৭.০৬.২২
(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

পরিশিষ্ট "ক"

| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০২। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই।<br>০৫। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই।<br>০৭। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই।<br>০৮। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই।<br>০৯। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৬। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ।<br>০৭। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৯। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১০। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১১। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ।<br>১২। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৩। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১৪। ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১৫। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |

পরিশিষ্ট "খ"

| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। মেয়র, দিরাই পৌরসভা।<br>০২। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই।<br>০৩। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই।<br>০৪। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই।<br>০৫। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই<br>০৪। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই।<br>০৬। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |



CamScanner